কোম্পানীগঞ্জ প্রেসক্লাবের নতুন সভাপতি শাব্বির, সাধারণ সম্পাদক আবিদ

কোম্পনীগঞ্জ প্রতিনিধি:: সিলেটের কোম্পানীগঞ্জ প্রেসক্লাবের নতুন কমিটি গঠন করা হয়েছে। সোমবার বিকেল ৪টায় ক্লাব সদস্যদের সর্বসম্মতিক্রমে দৈনিক মানবজমিনের উপজেলা প্রতিনিধি মো. শাব্বির আহমেদকে সভাপতি ও দৈনিক সিলেটের ডাক এর প্রতিনিধি মো. আবিদুর রহমানকে সাধারণ সম্পাদক করে ১৫ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়।

এর আগে ক্লাবটির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সাধারণ সভায় প্রেসক্লাবের বিদায়ী সাধারণ সম্পাদক ক্লাবটির বার্ষিক প্রতিবেদন পেশ করেন। সাধারণ সভা শেষে বিকেল ৪টায় শুরু হয় দ্বিতীয় অধিবেশন। এ অধিবেশনে প্রেসক্লাবের কার্যকরী কমিটি গঠনের লক্ষে নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদক পদের বিপরীতে একজন করে মনোনয়ন ফরম তোলায় বিনা প্রতিদ্বন্দিতায় তাদেরকে নির্বাচিত ঘোষণা করা হয়।

কমিটির দায়িত্বপ্রাপ্ত অন্যরা হলেন- সিনিয়র সহ সভাপতি আব্দুল আলীম (সবুজ সিলেট), সহ সভাপতি মঈন উদ্দিন মিলন (দৈনিক বিজয়ের কন্ঠ), যুগ্ম সাধারণ সম্পাদক হাফিজুল হক (দৈনিক উত্তরপূর্ব), কোষাধ্যক্ষ সোহেল রানা (সিলেট বাণী), অফিস সম্পাদক আনোয়ার সুমন (ফটো সাংবাদিক), ক্রীড়া ও সংস্কৃতি সম্পাদক আলী হোসেন (একাত্তরের কথা), শিক্ষা ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আব্দুল্লাহ আল নোমান (শুভ প্রতিদিন), পাঠাগার সম্পাদক আকবর রেদওয়ান মনা (শ্যামল সিলেট), কার্যকরি সদস্য শফিক আহমদ কালাম, আব্দুল জলিল (দৈনিক জালালাবাদ), ফখর উদ্দিন (ফটো সাংবাদিক), নুরুল মুত্তাকিন ও শাহিন আলম।

সাধারণ সদস্যরা হলেন- রুহুল আমীন বাবুল, সেলিম খন্দকার, রাসেল আহমদ, আল জাবের, আব্দুল হামিদ, লবীব আহমদ, ফারুক আহমদ, তুহিন বক্স, শিব্বির আহমদ ও কামরান উদ্দিন রায়হান।